গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১১০/২০১৮-১৯
ঢাকা, সোমবার ৪ ডিসেম্বর ২০১৮, ২০ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভার বৈঠকে বঙ্গবন্ধু এভিয়েশন বিশ্ববিদ্যালয় আইনের খসড়া অনুমোদন

২। চাকরিতে প্রতিবন্ধীদের রক্ষায় নীতিমালা হচ্ছে : প্রধানমন্ত্রী

৩। নবম ওয়েজ বোর্ডের সুপারিশ পর্যালোচনায় মন্ত্রিসভা কমিটি গঠন

৪। জোটের প্রার্থী মনোনয়নের তথ্য ৯ ডিসেম্বরের মধ্যে দিতে হবে : ইসি'র চিঠি

৫। প্রশ্নবিদ্ধ নির্বাচন করে প্রশ্নবিদ্ধ হবে না নির্বাচন কমিশন : নির্বাচন কর্মকর্তাদের উদ্দেশে ইসি

৬। নবম জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তৃতা সমগ্র প্রকাশিত

৭। মনোনয়ন বাতিলে সরকারের কিছু করার নেই : সেতুমন্ত্রী

৮। নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করতেই ইসি'র বিরুদ্ধে বিএনপির অভিযোগ : তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা

৯। সিলিন্ডার গ্যাস দুর্ঘটনা প্রতিরোধে কেন ব্যবস্থা নয় : হাইকোর্টের রুল জারি

১০। চলতি করবর্ষের প্রথম পাঁচ মাসে ২২ হাজার ২৬৪ কোটি টাকার আয়কর আদায়

১১। বিশ্বের স্বাস্থ্যকর দেশের তালিকায় ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ

চলমান পাতা-২



১। মন্ত্রিসভার বৈঠকে বঙ্গবন্ধু এভিয়েশন বিশ্ববিদ্যালয় আইনের খসড়া অনুমোদন

দক্ষ বৈমানিক ও বিমান প্রকৌশলী তৈরি করতে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এভিয়েশন এন্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮’ করা হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৩ ডিসেম্বর সোমবার) বর্তমান সরকারের মন্ত্রিসভার বৈঠকে এ আইনের খসড়া অনুমোদন দেওয়া হয়। বৈঠকশেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের বলেন, এটা আমাদের দেশের জন্য একটা নতুন আইন। অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিংকে সম্প্রসারিত করার জন্য এ আইনটি করা হয়েছে।

বৈঠকে পার্বত্য চট্টগ্রাম এলাকায় ভূমি অধিগ্রহণে ক্ষতিপূরণের পরিমাণ বাড়ানো হয়েছে। এ জন্য 'দ্য চিটাগং হিল ট্র্যাক্টস (ল্যান্ড অ্যাক্যুজিশন) রেগুলেশন ১৯৫৮ সংশোধন করার প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। নতুন আইন অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম এলাকায় সরকারি কাজে ভূমি অধিগ্রহণ করা হলে ক্ষতিগ্রস্তদের বাজারমূল্যের চেয়ে ২০০ শতাংশ এবং বেসরকারি কাজে অধিগ্রহণ করলে ৩০০ শতাংশ বেশি দিতে হবে। এছাড়া বৈঠকে বাংলাদেশ ইপিজেড শ্রম আইন-২০১৮ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। এ আইন অনুযায়ী ইপিজেডেও শ্রমিকদের কল্যাণে সমিতি করা, ধর্মঘট করার সুযোগ রাখা হয়েছে। এছাড়া আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালকের পদটি পরিচালক এবং পরিচালকের পদটি অতিরিক্ত পরিচালক করে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন সংশোধন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২। চাকরিতে প্রতিবন্ধীদের রক্ষায় নীতিমালা হচ্ছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারি চাকরিতে প্রতিবন্ধী ব্যক্তি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার নিশ্চিত করতে সরকার নীতিমালা প্রণয়ন করছে। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ২৭তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী আরো বলেন, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা অনগ্রসররা যেন যথাযথভাবে চাকরি পায় এবং চাকরিতে তাদের অধিকার নিশ্চিত হয়, নীতিমালায় সে ব্যবস্থাটা অবশ্যই থাকবে। প্রধানমন্ত্রী বলেন, ১৯৯৬ সালে সরকারে আসার পর থেকেই প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষায় তার সরকার কাজ করে যাচ্ছে। মানুষ হিসেবে তাদের প্রাপ্য অধিকারটা আমরা যেন দিতে পারি এবং তাদের ভেতরে যে শক্তি আছে সেটাকে আমরা যেন কাজে লাগাতে পারি, সেটাই আমাদের লক্ষ্য। প্রধানমন্ত্রী বলেন, সরকার প্রতিবন্ধীদের জন্য নিয়মিত ভাতার ব্যবস্থা করেছে। প্রায় ১৬ লাখের উপরে প্রতিবন্ধীকে যেমন ভাতা দেওয়া হচ্ছে তেমনি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্যও বিশেষ ভাতার ব্যবস্থা করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। নবম ওয়েজ বোর্ডের সুপারিশ পর্যালোচনায় মন্ত্রিসভা কমিটি গঠন**

সংবাদপত্র ও বার্তা সংস্থার কর্মীদের বেতন বাড়াতে নবম মজুরি বোর্ড যে সুপারিশ করেছে, তা পর্যালোচনায় পাঁচ সদস্যের একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সংস্কৃতিমন্ত্রীকে আহ্বায়ক এবং শিল্পমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, তথ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রীকে সদস্য করা হয়েছে। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার তেজগাঁও কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮' এর সুপারিশ উত্থাপন করা হলে এ কমিটি গঠনের অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৪। জোটের প্রার্থী মনোনয়নের তথ্য ৯ ডিসেম্বরের মধ্যে দিতে হবে : ইসি’র চিঠি**

দল ও জোটের একাধিক প্রার্থীর ক্ষেত্রে একজনকে চূড়ান্ত মনোনয়নের তথ্য ৯ ডিসেম্বরের মধ্যে জানাতে বলেছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন কমিশন ৩৯টি নিবন্ধিত রাজনৈতিক দলকে এ সংক্রান্ত চিঠি দিয়ে একজনকে চূড়ান্ত মনোনয়ন দিতে বলেছে। অন্যথায় এক দল, অন্য দলের প্রতীক নিয়ে নির্বাচন করতে পারবে না। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।



**৫। প্রশ্নবিদ্ধ নির্বাচন করে প্রশ্নবিদ্ধ হবে না নির্বাচন কমিশন : নির্বাচন কর্মকর্তাদের উদ্দেশে ইসি**

আইনসিদ্ধ না হলে নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনার মাহবুব তালুকদার। তিনি বলেছেন, প্রশ্নবিদ্ধ নির্বাচন করে আমরা নিজেদের প্রশ্নবিদ্ধ করতে চাই না। ভোটকেন্দ্রের সকল অনিয়ম রোধ, শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য সর্বোচ্চ শক্তি প্রয়োগের ক্ষমতা নির্বাচন কর্মকর্তাদের দেওয়া হয়েছে। আপনাদের দায়িত্ব পালনে শিথিলতা কখনো বরদাশত করা হবে না। যুদ্ধক্ষেত্রে সম্মুখ সমরে সাফল্যের কোনো বিকল্প নেই। গতকাল (৩ ডিসেম্বর  সোমবার) আগারগাঁও নির্বাচন ভবনে নির্বাচন কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্বোধন করে তিনি বলেন, আপনারা নির্ভয়ে, সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করবেন। আপনারা ব্যর্থ হলে নির্বাচন ব্যর্থ হবে। অন্যদিকে আপনাদের সাফল্যে উদ্ভাসিত হবে সমগ্র জাতি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৬।　নবম জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তৃতা সমগ্র প্রকাশিত**

নবম জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বক্তৃতা সমগ্র নিয়ে দুই খণ্ডে প্রকাশিত হলো '৯ম জাতীয় সংসদ : বক্তৃতা সমগ্র'। সংকলন দু'টিতে ২০০৯ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত মহান জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুরুত্বপূর্ণ ভাষণসমূহ অন্তর্ভুক্ত হয়েছে। সংকলনটির প্রধান সম্পাদক প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) সংকলন দু'টি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে দেওয়া হয়। সংকলনটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক মোহাম্মদ ইসতাক হোসেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৫,ক.১)।

**৭।　মনোনয়ন বাতিলে সরকারের কিছু করার নেই : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মনোনয়নপত্র বাতিলের বিষয়টি সম্পূর্ণ নির্বাচন কমিশনের এখতিয়ার। এখানে সরকারের কিছু করার নেই। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

**৮।　নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করতেই ইসি'র বিরুদ্ধে বিএনপির অভিযোগ : তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করতেই নির্বাচন কমিশনের (ইসি) বিরুদ্ধে একের পর এক অভিযোগ করছে বিএনপি। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) সজীব ওয়াজেদ জয় তাঁর ভেরিফায়েড ফেসবুক পেজে এ বিষয়ে স্ট্যাটাস দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৪)।

**৯।　সিলিন্ডার গ্যাস দুর্ঘটনা প্রতিরোধে কেন ব্যবস্থা নয় : হাইকোর্টের রুল জারি**

বাসাবাড়িতে পাইপলাইনে ও সিলিন্ডার গ্যাস বা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস বিতরণে দুর্ঘটনায় রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে গ্যাস বিতরণে দুর্ঘটনায় প্রাণহানি ও ক্ষয়ক্ষতি প্রতিরোধে প্রয়োজনীয় নিরাপত্তাব্যবস্থা নেওয়ার নির্দেশ কেন দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। জনস্বার্থমূলক একটি রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি এফ আর এম নাজমুল আহসান ও বিচারপতি কে এম কামরুল কাদের এর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (৩ ডিসেম্বর সোমবার) এ রুল জারি করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**১০।　চলতি করবর্ষের প্রথম পাঁচ মাসে ২২ হাজার ২৬৪ কোটি টাকার আয়কর আদায়**

চলতি করবর্ষের প্রথম পাঁচ মাসে ২২ হাজার ২৬৪ কোটি টাকার আয়কর আদায় হয়েছে। শুধুমাত্র নভেম্বর মাসেই আয়কর থেকে রাজস্ব আদায়ের পরিমাণ ৫ হাজার ২৪৮ কোটি টাকা। বছরটিতে এখন পর্যন্ত রিটার্ন জমা দিয়েছেন ১৬ লাখ ৯১ হাজার ৬১০ জন করদাতা। এছাড়াও রিটার্ন জমা দিতে সময়ের আবেদন করেছেন আরও ৩ লাখ ১৫ হাজার ১০৫ জন। ফলে ডিসেম্বরের শেষ দিকে রিটার্ন জমা দেওয়ার এ সংখ্যা ২৩ লাখের কাছাকাছি

পৌঁছাতে পারে। গতকাল (৩ ডিসেম্বর সোমবার) জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) নিজ দফতরে এনবিআর সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জিয়া উদ্দিন মাহমুদ সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব তথ্য জানান। তিনি আরো জানান, ২০১৭ সালের নভেম্বর মাসে আয়কর থেকে রাজস্ব আদায়ের পরিমাণ ৪ হাজার ১৩৫ কোটি টাকা। বছর ব্যবধানে মাসটিতে আয়কর আদায়ের প্রবৃদ্ধি ২৭ শতাংশ। আর ২০১৭ সালের আয়কর দিবস পর্যন্ত কর আদায়ের পরিমাণ ১৯ হাজার ৮১০ কোটি টাকা। অর্থাৎ বছর ব্যবধানে আয়কর আদায়ে প্রবৃদ্ধি ১২ দশমিক ৩৮ শতাংশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**১১। বিশ্বের স্বাস্থ্যকর দেশের তালিকায় ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে বাংলাদেশ**

বিশ্বের স্বাস্থ্যকর দেশের তালিকায় ১০০ নম্বরে অবস্থান করছে বাংলাদেশ। এ তালিকার শীর্ষে রয়েছে সিঙ্গাপুর। সম্প্রতি যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান লেগাটাম ইনস্টিটিউটের 'দ্য লেগাটাম প্রসপারেটি ইনডেক্স ২০১৮' এ তথ্য তুলে ধরেছে। বিশ্বের ১৪৯ দেশ নিয়ে এ তালিকা প্রকাশ করা হয়। তালিকায় বিবেচনায় নেওয়া খাতগুলো হলো-অর্থনৈতিক অবস্থা, ব্যবসায়ের পরিবেশ, শাসনব্যবস্থা, শিক্ষা, নিরাপত্তা, ব্যক্তি স্বাধীনতা, সামাজিক মূলধন এবং প্রাকৃতিক পরিবেশ। এ কয়েকটি খাতের মধ্যে বাংলাদেশ সবচেয়ে ভাল অবস্থানে রয়েছে নিরাপত্তা খাতে। এখানে বাংলাদেশের অবস্থান ৬১ নম্বরে। এছাড়া অর্থনৈতিক অবস্থায় ৮৫ নম্বরে, ব্যবসার পরিবেশে ১২৩ নম্বরে, শাসন ব্যবস্থায় ৮৯ নম্বরে, শিক্ষায় ১১১ নম্বরে, ব্যক্তি স্বাধীনতায় ১০১ নম্বরে, সামাজিক মূলধনে ৯৭ নম্বরে এবং প্রাকৃতিক পরিবেশে ১৩৫ নম্বরে অবস্থান করছে বাংলাদেশ। সব মিলিয়ে তালিকায় বাংলাদেশের অবস্থান ১০৯। সম্মিলিত তালিকায় ভারতের অবস্থান ৯৪ নম্বরে হলেও স্বাস্থ্যখাতে তাদের অবস্থান ১০৯ নম্বরে। অন্যদিকে পাকিস্তানের সম্মিলিত অবস্থান ১৩৬ নম্বরে এবং স্বাস্থ্যে দেশটির অবস্থান ১২২ নম্বরে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের কারা ইতিহাসে প্রথমবারের মতো গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে কয়েদিদের জন্য বালিশ ও টেলিভিশন সরবরাহ করা হলো উল্লেখ করে শত বছরের কারাবিধি ভেঙ্গে নতুন এ সুবিধার ব্যবস্থা করা অভিনন্দনযোগ্য বলে মন্তব্য।

খ. **যায়যায়দিন :** রাজধানীর আবদুল্লাহপুর ও আশুলিয়ায় অভিযান চালিয়ে যাত্রীবেশী অপহরণকারী ও ডাকাত দলের হোতাসহ ৯ সদস্যকে গ্রেফতার করেছে র‌্যাব উল্লেখ করে অপরাধীদের রুখতে এ ধরনের আরো পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর :** নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধ করতে কিছু বেসরকারি মেডিকেল কলেজকে যে কঠোর নির্দেশনা সরকার দিয়েছে তা প্রশংসাযোগ্য উল্লেখ করে কলেজগুলোর শিক্ষার মান বাড়াতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** মালয়েশিয়ায় কাজের অনুমতিপ্রাপ্তদের দেশটিতে প্রবেশের বেঁধে দেওয়া সময় শেষ হলে জিটুজি প্লাস পদ্ধতিতে ২৫ হাজার কর্মীকে পাঠাতে পারেনি ১০ রিক্রুটিং এজেন্সি উল্লেখ করে এ বিপর্যয়ের জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ইন্ডিপেনডেন্ট :** হাসপাতালের বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** সুস্বাস্থ্যের জন্য শিশু-কিশোরদের জন্য পর্যাপ্ত খেলাধুলার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নির্বাচন সংক্রান্ত এবং নির্বাচনের সময় নিরপেক্ষতা বজায় রেখে যথাযথ ভূমিকা পালন করা গণমাধ্যমের বিশেষ দায়িত্ব।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষা খাতের অগ্রগতি বজায় রাখতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, উন্নয়নকে গতিশীল এবং টেকসই করতে শিক্ষার কোনো বিকল্প নেই।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা